

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشِّدَّةِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ، عَنْ سُفْيَانَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ، عَنْ حُريْثِ بْنِ ظُهَيْرٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: أَتَى عَلَيْنَا زَمَانٌ لَسْنَا نَقْضِي وَلَسْنَا هُنَالِكَ، وَإِنَّ اللَّه قَدْ قَدَّرَ مِنَ الْأَمْرِ أَنْ قَدْ بَلَغْنَا مَا تَرَوْنَ، «فَمَنْ عَرَضَ لَهُ قَضَاءٌ بَعْدَ الْيَوْمِ، فَلْيَقْضِ فِيهِ بِمَا فِي كِتَابِ اللَّهِ عَزَّ وَجَلَّ فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ، فَلْيَقْضِ بِمَا قَضَى بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللّهِ اللّهِ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللّهِ وَلَا مَا لَيْسَ فِي كَتَابِ اللّهِ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ جَاءَهُ مَا لَيْسَ فِي كِتَابِ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَلْيَقْضِ بِمَا قَضَى بِهِ الصَّالِحُونَ، وَلِي يَقُن إِلَى مَا لَا لَكِهِ مَا لَيْرِيبُكَ إِلَى مَا لَا لَكَ يَرِيبُكَ إِلَى مَا لَا لَكَ يَرِيبُكَ إِلَى مَا لَا يَرِيبُكَ اللّهُ عَلَيْهِ وَلَا حَلَالَ بَيِنَ ، وَالْحَلَالَ بَيِنَ ، وَبَيْنَ ذَلِكَ أُمُورٌ مُشْتَبِهَةً هُمَا يَرِيبُكَ إِلَى مَا لَا يَرِيبُكَ

## বাংলা

১৬৭. আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাছ আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমাদের উপর এক যামানা এসেছিল, যখন আমরা কোন ফায়সালা বা সমাধান দিতাম না, আর সে অবস্থাও আমাদের ছিল না। এরপর মহান আল্লাহ এ বিষয়টি নির্ধারণ করলেন এবং আমাদেরকে সেই অবস্থায় পৌঁছে দিলেন, যেখানে তোমরা আজকে আমাদেরকে দেখছ। কাজেই আজকের পর থেকে কারো নিকট এমন কোন মুকাদ্দমা-বিবাদ উত্থাপিত হলে সে যেন আল্লাহ আযযা ওয়া জাল্লা'-এর কিতাব অনুযায়ী ফায়সালা করে। আর তার নিকট যদি এমন কোন বিবাদ আসে যা আল্লাহর কিতাবে নেই, তবে সে যেন রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম-এর ফায়সালা দ্বারা ফায়সালা করে। আর যদি তার নিকট এমন কিছু আসে, যা আল্লাহর কিতাবেও নেই, রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামও সে ব্যাপারে কোন ফায়সালা দেননি, তবে সে বিষয়ে সে সলিহীন (নেককার)দের ফায়সালা অনুযায়ী ফায়সালা দেবে। 'আমার ভয় হয়' বা 'আমি মনে করি'- এ জাতীয় কথা সে যেন না বলে। কেননা, হারাম স্পষ্ট করে দেয়া হয়েছে এবং হালালও স্পষ্ট করে দেয়া হয়েছে। এতদুভয়ের মাঝে রয়েছে সন্দেহজনক বিষয়সমূহ। সুতরাং তোমাকে যা সন্দেহে পতিত করে, তা তুমি পরিত্যাগ করে সেই বিষয় অবলম্বন কর যা তোমাকে সন্দেহে



পতিত করে না।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জায়্যেদ (উত্তম)।

তাখরীজ: নাসাঈ, আদাবুল কুযাত ৮/২৩০-২৩১; খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ১/২০০-২০১; বাইহাকী, আদাবুল কাযী ১০/১১৫; ইবনু আব্দুল বাররা, জামিউ' বায়ানুল ইলম, ১৫৯৫, ১৫৯৬।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন